# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৯৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ الشَّافِعِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ بِشْرِ بْنِ مَطَرٍ ، نَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الْجَرْجَرَائِيُّ ، نَا الْوَلِيدُ ، ثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ ، عَنِ الزُّهْرِيِّ ، قَالَ : " لَا وُضُوءَ فِي الْقَهْقَهَةِ وَالضَّحِكِ " . فَلَوْ كَانَ مَا رَوَاهُ الزُّهْرِيُّ ، عَنِ الْحَسَنِ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ صَحِيحًا عِنْدَ الزُّهْرِيِّ ، لَمَا أَفْتَى بِخِلَافِهِ وَضِدِّهِ . وَاللَّهُ أَعْلَمُ
وَكَذَلِكَ رَوَاهُ هِشَامُ بْنُ حَسَّانَ ، عَنِ الْحَسَنِ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَقَدْ كَتَبْنَاهُ قَبْلَ هَذَا . وَرَوَى هَذَا الْحَدِيثَ أَبُو حَنِيفَةَ ، عَنْ مَنْصُورِ بْنِ زَاذَانَ ، عَنِ الْحَسَنِ ، عَنْ مَعْبَدٍ الْجُهَنِيِّ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، وَوَهِمَ فِيهِ أَبُو حَنِيفَةَ عَلَى مَنْصُورٍ ، وَإِنَّمَا رَوَاهُ مَنْصُورُ بْنُ زَاذَانَ ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ ، عَنْ مَعْبَدٍ ، وَمَعْبَدٌ هَذَا لَا صُحْبَةَ لَهُ ، وَيُقَالُ : إِنَّهُ أَوَّلُ مَنْ تَكَلَّمَ فِي الْقَدَرِ مِنَ التَّابِعِينَ ، حَدَّثَ بِهِ عَنْ مَنْصُورٍ ، عَنِ ابْنِ سِيرِينَ : غَيْلَانُ بْنُ جَامِعٍ ، وَهُشَيْمُ بْنُ بَشِيرٍ ؛ وَهُمَا أَحْفَظُ مِنْ أَبِي حَنِيفَةَ لِلْإِسْنَادِ

বাংলা

৫৯৭(২১)। আবু বাকর আশ-শাফিঈ (রহঃ) ... আয-যুহরী (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, অট্টহাসি ও হাসির কারণে উযু করতে হবে না। আয-যুহরী (রহঃ) আল-হাসান (রহঃ) এর সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যে হাদীস বর্ণনা করেছেন তা যদি আয-যুহরীর মতে সহীহ হতো, তবে তিনি তার বিপরীত ফতোয়া দিতেন না। আল্লাহ সর্বাধিক জ্ঞাত।

অনুরূপভাবে এই হাদীস হিশাম ইবনে হাস্‌সান (রহঃ) আল-হাসান-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। আমরা ইতিপূর্বে তা আলোচনা করেছি। এই হাদীস ইমাম আবু হানীফা (রহঃ)

মানসূর ইবনে যাযান-আল-হাসান-মা’বাদ আল-জুহানী-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। আবু হানীফা (রহঃ) এ হাদীসের সনদে মানসূর সম্পর্কে সন্দেহে পতিত হয়েছেন। মানসূর ইবনে যাযান এই হাদীস মুহাম্মাদ ইবনে সীরীন-মা’বাদ (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। মা’বাদ সাহাবী নন। কথিত আছে, তাবিঈদের মধ্যে তিনিই প্রথম তাকদীর সম্পর্কে বিরূপ কথা বলেন। তিনি মানসূর-ইবনে সীরীন সূত্রে বর্ণনা করেন, গাইলান ইবনে জামে’ ও হুশাইম ইবনে বাশীর (রহঃ) উভয়ে সনদসূত্র সম্পর্কে আবু হানীফা (রহঃ) অপেক্ষা অধিক স্মৃতিশক্তির অধিকারী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80386

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন